গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
(নেজারত শাখা)
www.chandpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৩০০.০৩১.০১.০০৭.২০২৪- ৬৬২

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার পত্র নং-০৫.০০.০০০০.১৬৬.১১.০৪০.১৬-৮০, তারিখ : ১৩ জুন, ২০২৪ এর প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর ও অধীনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে (http://dcchandpur.teletalk.com.bd ওয়েবসাইটে) চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর ও এর অধীনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ				
০১	অফিস সহায়ক	১০ (দশ) টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০২	নিরাপত্তা প্রহরী	০৯ (নয়)টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
০২	পরিচ্ছন্নতাকর্মী	০৬ (ছয়) টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলী

১.প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২.বিবাহিত মহিলা প্রার্থীদের স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
৩.জেলা প্রশাসক , চাঁদপুর বরাবর আবেদন করতে হবে।
৪. বিভাগীয় /চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে।
৫. লিখিত পরীক্ষায় উর্ত্তীণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি।
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।
গ) পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কমকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি, তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
চ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রকাশিত যেকোনো একটি প্রমাণকে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।
ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র/কন্যা এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র।
জ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।
ঝ) প্রশিক্ষণের সনদপত্র।
ঞ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র / অনাপত্তি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
ট) অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অব্যশই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবিযুক্ত সিল থাকতে হবে।

৭. প্রার্থীর বয়সসীমা ১০ জুলাই, ২০২৪ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে 'সরকারি চাকরি আইন, ২০১৮' এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০' এবং কোটা সম্পর্কিত সরকারের সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

৯. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. সকল পদের নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একাধিক পদে আবেদন করলেও একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১১. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ্ করতে হবে।

১২. নির্বাচনী পরীক্ষায় অংশগহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না ।

১৩. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

১৪. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন , সংযোজন , বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৬. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. চাকরি আবেদন অনলাইনে গ্রহণ করা হবে। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

১৮. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

১৯. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে।

২০. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcchandpur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০ জুলাই, ২০২৪, সকাল ১০:০০টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১ জুলাই, ২০২৪, বিকাল ৫:০০ টা।

iii) উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online- আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র সাবমিট করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি , নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে ডাউনলোড ও রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি বাবদ ১০০/- (একশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকা অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বারো)

টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online- আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : DCCHANDPUR <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে প্রেরণ করতে হবে।

Example : **DCCHANDPUR ABCDEF**

Reply : Applicant's Name, Tk. 112 Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCCHANDPUR Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCCHANDPUR <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে প্রেরণ করতে হবে।

Example : **DCCHANDPUR YES 12345678**

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCCHANDPUR Application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcchandpur.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DCCHANDPUR <space> Help <space> User <space> User ID & Send to 16222 Example: **DCCHANDPUR Help User 12345678** Send to 16222

ii) PIN Number জানা থাকলে: DCCHANDPUR <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222

Example: **DCCHANDPUR Help PIN 12345678** Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও চাঁদপুর জেলার ওয়েবপোর্টাল www.chandpur.gov.bd এবং http://dcchandpur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com. bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.chandpur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ট) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dcchandpur@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ রাখা যাবে (Mail/ মেসেজ এর subject-এ Organization Name: DCCHANDPUR, Post Name:******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

বি.দ্র. আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

০১/০৭/২৪

(কামরুল হাসান)
জেলা প্রশাসক
চাঁদপুর।
ফোন : ০৮৪১-৬৩১১১/৬৩১২১
মোবাইল : ০১৭৩০-০৬৭০৫০
ই-মেইল : dcchandpur@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.১৩০০.০৩১.০১.০০৭.২০২৪- ৬৬২ (১০০)

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০১ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। জেলা প্রশাসক, ...(সকল)

০৫। পুলিশ সুপার, চাঁদপুর।

০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁদপুর।

০৭। মেয়র, চাঁদপুর পৌরসভা, চাঁদপুর।

০৮। সিভিল সার্জন, চাঁদপুর।

০৯। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১০। উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর।

১১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।

১২। উপজেলা নির্বাহী অফিসার...................................(সকল), চাঁদপুর।

১৩। সহকারী কমিশনার (ভূমি),..................................(সকল), চাঁদপুর।

১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদন ফরম এবং প্রবেশপত্র জেলা প্রশাসক, চাঁদপুর এর ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

১৫। জেলা একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, চাঁদপুর।

১৬। জেলা তথ্য অফিসার, চাঁদপুর।

১৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ...., ঢাকা ও সম্পাদক, চাঁদপুর.........................., চাঁদপুর নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯X৫ সাইজের ভিতরের পাতায় আগামী ..../০৭/২০২৪খ্রি. তারিখ ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫(পাঁচ)কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৮। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।

১৯। মাস্টার ফাইল।

০১/০৭/২৪

জেলা প্রশাসক
চাঁদপুর।